বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক খবর
017
তারিখ ... 29 JUN 1989
পৃষ্ঠা ... কলাম ...

৪৪

রাষ্ট্রপতি কেবিনেট সাব-কমিটির রিপোর্ট অনুমোদন করেছেন

# সিনিয়র সার্ভিস পুল বিলুপ্ত

বাসস জানায়, সরকার সিনিয়র সার্ভিস পুল (এস এস পি) বিলোপের সিদ্ধান্ত নিয়েছেন। উপ-প্রধানমন্ত্রী অধ্যাপক এম এ মতিনের নেতৃত্বে একটি কেবিনেট সাব-কমিটির রিপোর্টের ভিত্তিতে তৈরী সুপারিশমালার পরিপেক্ষিতে সরকার এ সিদ্ধান্ত নেন।

গতকাল ঢাকায় রাষ্ট্রপতির কার্যালয়ে রাষ্ট্রপতির কাছে কেবিনেট সাব-কমিটির রিপোর্ট পেশ করা হয় এবং রাষ্ট্রপতি তা অনুমোদনকরেন।

উপ-প্রধানমন্ত্রী এম এ মতিনের নেতৃত্বে ৩ সদস্য বিশিষ্ট এই কেবিনেট সাব-কমিটির অপর সদস্যরা হচ্ছেন কৃষিমন্ত্রী এম এ মুনএম এবং পররাষ্ট্রমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ।

রিপোর্ট গ্রহণ করে রাষ্ট্রপতি আশাবাদ ব্যক্ত করে বলেন, সাব-কমিটির সুপারিশমালার ভিত্তিতে গৃহীত ব্যবস্থাদি উল্লেখযোগ্য সংখ্যক ক্যাডার অফিসারদের দীর্ঘদিনের বিরাজমান দুঃখ-ক্ষোভ নিরসনে সুদূরপ্রসারী ফল রাখবে। এসব ক্যাডার অফিসারগণ চাকরিতে তাদের প্রমোশন অনিশ্চয়তায় ভুগছেন।


রাষ্ট্রপতি এরশাদ সাব-কমিটির এই শ্রমসাধ্য কাজের প্রশংসা করেন। তারা এমন এক বিষয়ে কাজ করেছেন, যা ছিল জটিল এবং তা সমাধানের অপেক্ষায় দীর্ঘদিন ধরে সরকারের দৃষ্টি আকর্ষণে রয়েছে।

রাষ্ট্রপতি রিপোর্টের সুপারিশমালার ভিত্তিতে যথাসম্ভব দ্রুত প্রয়োজনীয় নির্দেশ জারির জন্য সংস্থাপন বিভাগকে নির্দেশদেন।

বাংলাদেশে সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের অফিসারদের চাকরিতে প্রমোশন সংক্রান্ত বৈষম্য দেখার লক্ষ্যে গঠিত এই কেবিনেট সাব-কমিটি ১৬টি বৈঠকে মিলিত হয়।

সাব-কমিটি বিষয়টি বিস্তারিতভাবে পরীক্ষা করে দেখে এবং সচিবালয়ের চাকরিসহ এর বর্তমান প্রমোশন সম্ভাবনা খতিয়ে দেখে। এ ছাড়াও কমিটি সচিবালয়ের চাকরিসহ বিভিন্ন ক্যাডারের কাজের প্রকৃতি ঘনিষ্ঠভাবে পরীক্ষা করে দেখে।

সাব কমিটির সুপারিশমালা অনুসারে



রাষ্ট্রপতি এরশাদ বুধবার ২৮শে জুন রাষ্ট্রপতির সচিবালয়ে কেবিনেট সাব-কমিটির প্রতিবেদন অনুমোদন করেন

## সিনিয়র সার্ভিস পুল বিলুপ্ত

প্রথম পৃষ্ঠার পর

সকল ক্যাডার উপ-সচিব ও যুগ্ম-সচিব পর্যায়ে নির্দিষ্ট কোটা পর্যন্ত সচিবালয়ের চাকরিতে সুযোগ পাবে।

সচিব এবং অতিরিক্ত সচিব মেধার ভিত্তিতে কড়াকড়িভাবে মনোনয়নের জন্য যুক্ত থাকবে। তবে এ ক্ষেত্রে সিনিয়রিটি দ্বিতীয় বিবেচ্য বিষয় হিসেবে গৃহীত হবে।

সচিবালয়ে আসা কর্মকর্তাগণ সমপর্যায়ের ভিত্তিতে তাদের নিজেদের ক্যাডার অবস্থানে ফিরে যেতে পারবেন।

সাব-কমিটির রিপোর্ট রাষ্ট্রপতির কাছে পেশ করার সময় সাব-কমিটির সদস্যরা ছাড়াও কেবিনেট সচিব এম মজিবুল হক, সংস্থাপন সচিব কে এম রাব্বানী এবং সুপ্রীম কমান্ডের প্রিন্সিপাল ষ্টাফ অফিসার মেজর জেনারেল মোহাম্মদ আবদুল লতিফও উপস্থিত ছিলেন।